

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮ ১৪
তেলিয়ামুড়া, ০৮ ফেব্রুয়ারি, ২০২৪

তেলিয়ামুড়ায় কৃষি বিপণন কেন্দ্রের শিলান্যাস

খাদ্য শস্যে স্বয়ম্ভর ত্রিপুরা গড়ার জন্য রাজ্য সরকার পরিকল্পনা নিয়ে কাজ করছে : কৃষিমন্ত্রী

খাদ্য শস্যে স্বয়ম্ভর ত্রিপুরা গড়ার জন্য রাজ্য সরকার পরিকল্পনা নিয়ে কাজ করছে। আধুনিক কৃষি যন্ত্রপাতি ও উন্নত বীজ ব্যবহারের মাধ্যমে কম জমিতে বেশী ফসল ফলানোর জন্য বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। আজ তেলিয়ামুড়া বাজারে আধুনিক কৃষি বিপণন কেন্দ্রের শিলান্যাস করে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, কৃষকদের আয় দ্বিগুণ করার জন্য রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, রাজ্য সরকার ৮৬টি বাজারের উন্নয়নের উদ্যোগ নিয়েছে। এর মধ্যে খোয়াই জেলায় ৩টি বাজার রয়েছে। রাজ্যের ১০টি জায়গায় সৌরবিদ্যুৎ চালিত হিমঘর তৈরী করা হয়েছে। রাজ্য সরকার কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে কৃষকদের উৎপাদিত ফসল অনলাইনে বিক্রয়ের উদ্যোগ নিয়েছে। খুব শীঘ্রই এই পরিষেবা চালু হবে। তিনি জানান, বর্তমানে রাজ্যে ২১টি আধুনিক কৃষি বিপণন বাজার রয়েছে। এই বাজারগুলিতেই অনলাইনে কৃষি পণ্য বিক্রির ব্যবস্থা করা হবে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়। তিনি বলেন, বর্তমান রাজ্য সরকার সব অংশের মানুষের উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। কৃষি বিপণন কেন্দ্র তৈরীর উদ্যোগ তারই অঙ্গ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান যমুনা দাস, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, ভাইস চেয়ারপার্সন মধুসূধন রায়, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা শরদিন্দু দাস প্রমুখ।
